# উপজেলা পরিষদ কার্যালয়
# বোরহানউদ্দিন, ভোলা।

## বোরহানউদ্দিন উপজেলা পরিষদের মার্চ-২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : সম্প্রসারিত উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সম্মেলন কক্ষ (৪র্থ তলা), বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ৩১ মার্চ, ২০২২ খ্রি. রোজ: বৃহস্পতিবার, সময়: সকাল ১১:৩০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে**

সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে নিহত বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের আত্মার প্রতি এবং মহান মুক্তিযুদ্ধে নিহত শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সভাপতি ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মবার্ষিকী, ২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় স্বতঃস্ফূর্তভাবে উদ্‌যাপনের জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকান্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **উপজেলা কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি প্রণোদনা যথাযথভাবে বিতরণ সম্পন্ন হয়েছে এবং মাঠ পর্যায়ে বাস্তবায়নে তদারকি অব্যাহত রয়েছে। উপজেলার সকল পর্যায়ে কৃষি উপকরণ (সার, বীজ ও কীটনাশক) সহজলভ্য পর্যায়ে আছে। এলজিইডি এবং সড়ক ও জনপদ কর্তৃক সরকারি উন্নয়নমূলক কর্মকাণ্ডের ফলে তথা বিভিন্ন ব্রিজ ও কালভার্ট তৈরির লক্ষ্যে খালে বাধ দেওয়ার কারণে বোরো আবাদসহ রবিশস্য চাষাবাদে কিছুটা বিঘ্নিত হচ্ছে। তবুও লক্ষ্যমাত্র অনুযায়ী আবাদ হবে। দাপ্তরিক অন্যান্য কর্মকান্ড স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক. মাঠ পর্যায়ে তদারকি জোরদার করতে হবে;<br>খ. দাপ্তরিক কাজের অগ্রগতি অব্যাহত রাখতে হবে এবং মাঠ পর্যায়ে কর্মীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;<br>গ. ধান সংগ্রহের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী ধান ক্রয় করতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ২. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, গত ২৬-২৮ ফেব্রুয়ারি ২০২২ কোভিড-১৯ গণটিকা (১দিন ১ কোটি) কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ১৮ বছরের উর্ধ্বে জনগোষ্ঠীকে ইউনিয়ন পর্যায়ে টিকা প্রদান করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে এই কর্মসূচি সফল বাস্তবায়নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, সরকারি নির্দেশনার আলোকে সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ক. সরকারি নির্দেশনার আলোকে সকল কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ. টিকা কার্যক্রম অব্যাহত রাখতে হবে;<br>গ. টিকা কার্যক্রমে সংশ্লিষ্ট সকল দপ্তরের মধ্যে সমন্বয় নিশ্চিত করত হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা |
| ৩. | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ১৮টি কমিউনিটি বেইজড পানি সরবরাহ ইউনিট এর স্থান নির্বাচন চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ক. নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন যথাযথাভাবে অনুসরণ করতে হবে;<br>খ. দাপ্তরিক কাজের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪. | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ইউনিয়ন ভিডিজি কার্যক্রম স্বাভাবিক আছে। মাতৃত্ব ও ল্যাকটেটিং মাদার সহায়তা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। করোনাকালীন সময়ে বিশেষ করে ছাত্র/ছাত্রী অভিভাবকগণ বাল্য বিবাহ দেয়ার চেষ্টা করে তাই এ সময় যেন কোনো অভিভাবক কম বয়সী কন্যা সন্তানদের জন্ম নিবন্ধনের মাধ্যমে বয়স বাড়িয়ে বাল্য বিবাহ না দিতে পারে সে ব্যাপারে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানান। | ক.ভিজিডি চাল বিতরণ কালে সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারগণ অধিকতর সতর্কতার সাথে বিতরণকার্য সম্পন্ন করবেন;<br>খ. অনলাইন জন্ম নিবন্ধনসনদ প্রদানের সময় উপযুক্ত প্রমাণ ব্যতীত জন্ম নিবন্ধন না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>গ. বাল্য বিবাহের কোনো সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিক উপজেলা প্রশাসন/ বোরহানউদ্দিন থানা-কে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. অফিসার ইনচার্জ<br>৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>৪. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৫ | **উপজেলা মৎস্য দপ্তর**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ভোলা জেলার চর ইলিশা হতে চর পিয়াল পর্যন্ত মেঘনা নদীর ৯০ কিলোমিটার এবং ভেদুরিয়া হতে চর রুস্তুম পর্যন্ত তেতুলিয়া নদীকে ১ মার্চ হতে ৩০ এপ্রিল পর্যন্ত ২ মাসব্যাপী ‘ইলিশ অভয়াশ্রম ঘোষণা’ করা হয়েছে। গত ২১ মার্চ ২০২২ তারিখ গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ-সহ মেঘনা নদীতে অভিযান পরিচালনা করা হয়। এ সময় নদীতে অবৈধ খুঁটি জালের প্রায় ১৫০০টি খুঁটি কেটে ধ্বংস করা হয়। জেলেদের ভিজিএফ চাল ইউনিয়ন/পৌরসভায় যথাযথভাবে বিতরণ করা হচ্ছে। দাপ্তরিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক. অবৈধজাল উচ্ছেদ করে মৎস্য সম্পদ রক্ষা করার লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়;<br>খ. মোবাইল কোর্ট পরিচালনার পাশাপাশি সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে আইন অমান্যকারীদের বিরুদ্ধে নিয়মিত মামলা করতে হবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৩. অফিসার ইনচার্জ |
| ৬ | **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২. ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, সকল বিদ্যালয় খুলে দেয়া হয়েছে। বিদ্যালয়ে পাঠদান যথানিয়মে চলছে।<br>তিনি আরও জানান, শিক্ষা প্রতিষ্ঠানের যাবতিয় তথ্য হালনাগাদ (IMS), NTRCA এর নিয়োগকৃত শিক্ষকদের MPO প্রদান এবং Online Class, Multimedia Class, Assignment ও উপবৃত্তির ফরম পূরণের কাজ চলমান রয়েছে। | ক. পাঠদান অব্যাহত রাখতে হবে;<br>খ. NTRCA এর মাধ্যমে নিয়োগকৃত শিক্ষকদের MPO প্রদান স্বচ্ছতা এবং দুত সময়ের মধ্য সম্পাদন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২. একাডেমিক সুপারভাইজার<br>৩. সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান |
| ৮. | **প্রাথমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসার জানান যে, সকল বিদ্যালয় খুলে দেয়া হয়েছে। বিদ্যালয়ে পাঠদান যথানিয়মে চলছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখত হবে;<br>খ. দাপ্তরিক কাজ যথসময়ে সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা শিক্ষা অফিসার<br>২. প্রধান শিক্ষক (সকল) |
| ৯ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে এবং প্রজেকশন অনুযায়ী মাঠ কর্মীদের কাজের অগ্রগতি সন্তোষজনক। এছাড়া, ৫ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (ইমপ্ল্যান্ট), ২৫ জনকে অস্থায়ী দীর্ঘমেয়াদী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি (IUD) এবং ২৭ জনকে স্থায়ী | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং সরকারি নির্দেশনা সঠিকভাবে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি সেবা প্রদান করা হয়েছে। | | |
| ১০ | **উপজেলা সমাজসেবা দপ্তর:**<br>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সামাজিক বেষ্টনীর সকল ভাতা কর্মসূচির বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা জি টু পি এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে সকল ভাতাভোগীর মোবাইলে নগদ এর মাধ্যমে টাকা পৌঁছে গেছে। তিনি আরও জানান, ভোলা জেলার তজুমদ্দিন ও মনপুরা উপজেলাকে শতভাগ ভাতার আওতায় আনা হয়েছে। পরবর্তী ধাপে বোরহানউদ্দিন উপজেলাও শতভাগ ভাতার আওতায় আসার সম্ভাবনা রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ১. ভাতাভোগী ‘নগদ’ অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে যেন কোনোরূপ হয়রানির স্বীকার না হয় সে বিষয় সতর্ক থাকবে;<br>২. কোনো ভাতা ভোগীর ‘নগদ’ অ্যাকাউন্ট নম্বর ভুল হলে সাথে সাথে নম্বর সঠিক করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা অফিসার<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি প্রশিক্ষণার্থীদের ভর্তি কার্যক্রম যথাযথভাবে স্বচ্ছতার সাথে করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় আরও জানান, বিভিন্ন ক্যাটাগরিতে যুবক-যুবতিদের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে। | ক. আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে;<br>খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে;<br>গ. ঋণ প্রদানের ক্ষেত্রে প্রকৃত কর্মে আগ্রহী যুবক-যুবতীদের চহ্নিত করে ঋণ প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, দপ্তরের অন্যান্য কাজ স্বভাবিকভাবে চলছে। সমবায় সমিতি নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। সমাবয় সমতির ঋণ আদায়ের হার সন্তোষজনক। | দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩ | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান, বোরহানউদ্দিন উপজেলা প্রকৌশলীর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা প্রকৌশল বিভাগের স্বাভাবিক কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |
| ১৪ | **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ক. খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে;<br>খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে;<br>গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক<br>২. চেয়ারম্যান (ইউপি সকল) |
| ১৫ | **প্রাণিসম্পদ অধিদপ্তর**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিবেচ্য মাসে কৃত্রিম প্রজনন ১৩৫টি, গবাদি প্রাণির টিকা প্রদান ২৫৬০, হাসমুরগীর টিকা প্রদান ২৭৯০০, চিকিৎসা প্রদান গবাদী প্রাণি ১০২৬টি, চিকিৎসা প্রদান হাসমুরগী ৮৭৪৬টি, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ০১টি, উঠান বৈঠক ০৩টি এবং দুগ্ধ খামারী পরিদর্শন ০৫টি। এছাড়া দাপ্তরি সমস্ত | ক. প্রাণিসম্পদ বিভাগের স্বাভাবিক কাজের ধারা অব্যাহত রাখতে হবে;<br>খ. যে সকল স্থানে হাঁস-মুরগীর খামার স্থাপনের কারণে জনভোগান্তি সৃষ্টি হচ্ছে তা নিরসণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | |
| ১৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর নির্বাচনী ২য় পর্যায়ে ৩৯,১৬,০৪২/- টাকা বরাদ্দের অনুকূলে ১৯টি প্রকল্প, সাধারণ টিআর ২য় পর্যায় ৪৯,৫৭,৬৬৬/- টাকা বরাদ্দের অনুকূলে ২১টি এবং হেরিং বোন বন্ড (এইচবিবি) এ ১টি প্রকল্পের অনুকূলে ৬৩,৭৩,৫২৭/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন। হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্পের কাজ ৭০% সমাপ্ত হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কাজের ধারাবাহিকতা এবং উন্নয়ন কাজের গুণগতমান অক্ষুণ্ন রাখতে হবে;<br>খ. সকল টেন্ডার কার্যক্রম জুন ২০২২ এর পূর্বে শেষ করতে হবে;<br>গ. মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মাণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২. চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ১৭ | **উপজেলা বন বিভাগ**<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে 'জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ' স্লোগানকে সামনে রেখে বোরহানউদ্দিন উপজেলার বিভিন্ন সংযোগ সড়কে ৩০ কিলোমিটার স্ট্রিপ বাগানের রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান। উপকূলীয় বন বিভাগ, ভোলা এর আওতাধীন বোরহানউদ্দিন উপজেলায় কাচিয়া ইউনিয়নের মক্কার পুল হতে মুসলমানের পুকুর পাড় পর্যন্ত ৫ কিলোমিটার স্ট্রিপ বাগানের (সামাজিক বনায়ন) মেয়াদ উত্তীর্ণ হওয়ায় খাড়া গাছ মার্কিং তালিকা প্রস্তুত কার্যক্রম চলমান। এই ৫ কিলোমিটার খাড়া গাছ মার্কিং তালিকা প্রস্তুত শেষে সাইজ লিস্ট করে সরকারি বিধি মোতাবেক টেন্ডারের কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ক. মেয়াদ উত্তীর্ণ স্ট্রিপ বাগানের খাড়া গাছ সঠিকভাবে মার্কিং করতে হবে;<br>খ. সৃজিত বাগান নিয়মিত পরিচর্যা করতে হবে;<br>গ. বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয় রক্ষা করে গাছ কর্তন করতে হবে। বিশেষ করে রাস্তার পাশে ঝুঁকিপূর্ণ গাছসমূহ অগ্রাধিকার ভিত্তিতে কাটতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | **আইসিটি অধিদপ্তর**<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর সভায় জানান, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন ২য় পর্যায়ে ৮টি ল্যাব বোরহানউদ্দিন উপজেলায় স্থাপন করা হবে। ল্যাবের রেনোভেশন কার্যক্রম শেষ। ৫০ জন উদ্যোক্তাদের সরকারি ই-সেবা সহজিকরণের বিষয়ে JiCA এর অর্থায়নে বোরহানউদ্দিন উপজেলায় এ মাসে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের ক্ষেত্রে যে কক্ষটি নির্বাচন করা হয়েছে তার নিরাপত্তা নিশ্চিত করতে হবে; | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর |
| ১৯ | **খাদ্য অধিদপ্তর:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরহানউদ্দিন পৌরসভার ৪টি বিক্রয়কেন্দ্রে জনপ্রতি ৫ (পাঁচ) কেজি হারে চাল-আটা বিশেষ ওএমএস চলমান রয়েছে। দাপ্তরি সমস্ত কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা খাদ্য অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০ | **বিবিধ**<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি ২০২২ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে ফেব্রুয়ারি-২০২২ মাসের সম্মানিভাতা বাবদ মোট | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২. উপজেলা নির্বাহী অফিসার<br>৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে ফেব্রুয়ারি ২০২২ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪. মহিলা ভাইস চেয়ারম্যান<br>৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল) |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১০ জন আনসার সদস্যদের জানুয়ারি-মার্চ/২০২২ এর জ্বালানী খরচ বাবদ ৬টি গ্যাস সিলিন্ডার ক্রয় (৬×১২৫০)= ৭,৫০০/- এবং ইলেকট্রিসিটি লাইন মেরামত ও ১টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ২,১৫০/- টাকাসহ মোট ৯,৬৫০/- (নয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (খ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সার্বিক নিরাপত্তায় নিয়োজিত ১০ জন আনসার সদস্যদের জানুয়ারি-মার্চ/২০২২ এর জ্বালানী খরচ বাবদ ৬টি গ্যাস সিলিন্ডার ক্রয় (৬×১২৫০)= ৭,৫০০/- এবং ইলেকট্রিসিটি লাইন মেরামত ও ১টি সিলিং ফ্যান ক্রয় বাবদ ২,১৫০/- টাকাসহ মোট ৯,৬৫০/- (নয় হাজার ছয়শত পঞ্চাশ) টাকার উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) অমর একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গাবন্ধুর মুর্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৩ দিনে মোট (৪৫০টাকা × ৬জন ×৩ দিন) =৮,১০০/- (আট হাজার একশত) টাকা শ্রমিক মজুরি দাখিল করেছেন। শ্রমিক মজুরি রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য উক্ত বিল সভায় উপস্থাপন করা হয়। | (গ) অমর একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে উপজেলা পরিষদের শহিদ মিনার চত্বর, বঙ্গাবন্ধুর মুর্যালের আশ-পাশ, উপজেলা পরিষদ অডিটরিয়াম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে ও পেছনের অংশের আগাছা পরিস্কার পরিচ্ছন্নকরণের জন্য ৪৫০ টাকা হারে ৬ জন শ্রমিকের ৩ দিনে মোট (৪৫০টাকা × ৬জন ×৩ দিন) =৮,১০০/- (আট হাজার একশত) টাকা শ্রমিক মজুরি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বর্জ্য ব্যহস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) অমর একুশে ফেব্রুয়ারি এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মোট ১০টি ফুলের ডালা (২১ ফেব্রুয়ারি ০৪টি এবং ২৬ মার্চ ৬টি) প্রতিটি ২,৪৫০/- টাকা হারে মোট (২,৪৫০ ×১০)=২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের লক্ষ্যে সভায় বিল ভাউচার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (ঘ) অমর একুশে ফেব্রুয়ারি এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মোট ১০টি ফুলের ডালা (২১ ফেব্রুয়ারি ০৪টি এবং ২৬ মার্চ ৬টি) প্রতিটি ২,৪৫০/- টাকা হারে মোট (২,৪৫০ ×১০)=২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদ্‌যাপন খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) গত ২৬-২৮ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় কোভিড-১৯ গণটিকা (১দিন ১ কোটি) কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে ৪ দিনে ৫টি মাইকিং বাবদ (একদিনের অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) (২১০০×৪দিন×৫) =৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার) | (ঙ) গত ২৬-২৮ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় কোভিড-১৯ গণটিকা (১দিন ১ কোটি) কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে ৪ দিনে ৫টি মাইকিং বাবদ (একদিনের অটোভাড়া ও শ্রমিক মজুরিসহ) (২১০০×৪দিন×৫) =৪২,০০০/- | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের লক্ষ্যে সভায় বিল ভাউচার অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (বিয়াল্লিশ হাজার) টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাতের প্রাকৃতিক দুর্যোগ (কোভিড-১৯) খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (চ) উপজেলা নির্বাহী অফিসার জানান, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা থেকে গত ০৮ মার্চ ২০২২ তারিখ ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৯৩.২২-১৪৬নং স্মারকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। সভাপতি সরকারের এ আদেশকে সাধুবাদ জানান। বরাদ্দকৃত অর্থ দ্বারা মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে বোরহানউদ্দিন সরকারি উচ্চ বিদ্যালয়ের মাঠে অতিথিদের জন্য মঞ্চ তৈরি, কুচকাওয়াজের জন্য মাঠের চার পাশ সুসজ্জিতকরণ/ডেকরেশন, প্রবেশ গেইট নির্মাণ, উদ্বোধনী বেলুন ক্রয়, ব্যানার-ফেস্টুন প্রিন্ট, মাইক ও সাইন্ড সিস্টেম ভাড়া, পায়রা ক্রয় বাবদ ব্যয় করা হয়েছে। বিল ভাউচার সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | (চ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ (২৬ মার্চ, ২০২২) যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যয় নির্বাহের বিল ভাউচার সভায় অনুমোদিত হয়। | |
| | (ছ) কুতুবা ইউনিয়নের চেয়ারম্যান সভায় জানান, গত ১৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখ লক্ষ্মীপুর ১নং ওয়ার্ডে একটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। সেখানে জনৈক মো. শফিকুল ইসলাম এর বসতবাড়ি সম্পূর্ণ ভস্মিভূত হয়। উপজেলা নির্বাহী অফিসার জানান, এ বিষয়ে জনৈক মো. শফিকুল ইসলাম, পিতা: আব্দুল মালেক ক্বারী, গ্রাম: লক্ষ্মীপুর, ১নং ওয়ার্ড, ডাকঘর: মানিকা, উপজেলা: বোরহানউদ্দিন, ভোলা আর্থিক সহায়তা চেয়ে একটি আবেদনপত্র দাখিল করেছেন। আবেদনকারীর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে। | (ছ) জনাব মো. শফিকুল ইসলাম, পিতা: আব্দুল মালেক ক্বারী, গ্রাম: লক্ষ্মীপুর, ১নং ওয়ার্ড, ডাকঘর: মানিকা, উপজেলা: বোরহানউদ্দিন, ভোলা এর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকার আর্থিক সহায়তা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ১৪২৯ বাংলা সনে বোরহানউদ্দিন উপজেলার ভৌগলিক সীমার মধ্যে অবস্থিত হাট-বাজারসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে ১টি দৈনিক পত্রিকা এবং ১টি আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। পবিত্রকার বিজ্ঞাপন ফি বাবদ 'আমাদের নতুন সময় =৪৯,৬৮০/- টাকা এবং দৈনিক ভোরের অঙ্গিকার =৩০,৬১৮/- টাকার বিল দাখিল করেছেন। এছাড়াও হাট বাজার ইজারার সিডিউল প্রস্তুত, মূল্যায়ন কমিটির সভাসহ আনুসঙ্গিক অন্যান্য কাজে ১৮,৫০০/- টাকা ব্যয় হয়েছে। সর্বমোট (৪৯৬৮০ +৩০৬১৮ + ১৮৫০০)=৯৮,৭৯৮/- (আটানব্বই | (জ) ১৪২৯ বাংলা সনে হাট-বাজারসমূহ ইজারা প্রদানের লক্ষ্যে বিজ্ঞাপন ফি বাবদ 'আমাদের নতুন সময় =৪৯,৬৮০/- টাকা এবং দৈনিক ভোরের অঙ্গিকার =৩০,৬১৮/- টাকা এবং আনুসঙ্গিক ১৮,৫০০/- টাকাসহ সর্বমোট (৪৯৬৮০ +৩০৬১৮ + ১৮৫০০)=৯৮,৭৯৮/- (আটানব্বই হাজার সাতশত আটানব্বই) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

| ক্র: নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | হাজার সাতশত আটানব্বই) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সভায় বিল ভাউচার উপস্থাপন করা হয়। | | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.৯৯.০০৩.২২-২০১

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা ........................................ কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব ........................................ সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

৩১/০৪/২০২২

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।
মোবাইল: ০১৩০৫-৫২৫১৫৬
ইমেইল: unoborhanuddin@gmail.com